

সেবা সহায়ক (এলএসপি) এর ভূমিকা এবং তার সম্ভাব্য ব্যবসা:




USAID
FROM THE AMERICAN PEOPLE



WINROCK
INTERNATIONAL



সেবা সহায়ক এলএসপি (লোকাল সার্ভিস প্রোভাইডার)



এই প্রকাশনাটি আমেরিকার জনগনের পক্ষে ইউএসএআইডি-র আর্থিক সহায়তায় করা। এতে প্রকাশিত মতামত একান্তভাবেই উইনরক ইন্টারন্যাশনালের। এর সাথে আমেরিকার সরকার অথবা ইউএসএআইডি-র মতের মিল নাও থাকতে পারে।

ক্রাইমেট-রেজিলিয়েন্ট ইকোসিস্টেমস্ এন্ড
লাইভলিহুডস্ (ফ্রেল) প্রকল্প

সেবা সহায়ক

লোকাল সার্ভিস প্রোভাইডার (এলএসপি) এর ভূমিকা লোকাল সার্ভিস প্রোভাইডার : এলএসপি কোন ব্যক্তি যে তার নিজ কার্যক্রমের মাধ্যমে অর্থনৈতিকভাবে উন্নত হবেন/ হতে ইচ্ছুক এবং সে অন্যদের জন্য দিকনির্দেশক হিসেবে বিবেচিত হবেন, নিজ এলাকার জনগণকে পরামর্শ দিবে এবং সহায়তা করবে।

প্রয়োজনীয় মূল্য নির্ধারণে এলএসপিরা নিজেরাই নিজেদের মধ্যে উৎপাদিত পণ্যেও মূল্য বিশ্লেষণ করতে সমর্থ এবং নিজেদের দক্ষতা উন্নয়নে অন্যান্য সার্ভিস প্রোভাইডার সংস্থার সাথেও যোগাযোগ করতে পারেন। পরিশেষে তারা কৃষকদের চাহিদা অনুযায়ী উন্নত সেবা প্রদান করতে পারেন। মূল্য নির্ধারণের সময়ে সেবা সহায়ক তাদের নিয়ে উল্লেখিত বিষয়ে সাহায্য করবেন:

- পরবর্তী ঋতুতে উৎপাদনকারী চাহিদা সেবা প্রদানে কি ধরনের ভূমিকা রাখতে পারেন?
- এই সেবা গ্রহণের পর উৎপাদনকারী কতটুকু লাভবান হবেন?
- এই সেবা প্রদানের পর এলএসপিরা কি কি লাভ পাবেন?
- বাজারজাতকরণে ও বিক্রয়ে কি পরিমাণ সহায়তা দিতে পারবেন?
- কতজন উৎপাদনকারীকে সহায়তা দিতে পারবে?

সংশ্লিষ্ট সম্পদ ব্যবহারকারী সংস্থাদের নিয়ে সহায়ক একটি কর্মশালার আয়োজন করবেন এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে কর্মক্ষেত্রে পারস্পরিক সম্পর্ক কে উন্নতকরণে উৎসাহিত করবেন, যেন তারা বুঝতে পারেন কিভাবে ভবিষ্যতে নিজেরাই নিজেদের সমস্যাগুলোকে সমাধান করতে পারবে। ক্রেল প্রকল্পের সহায়ক এলএসপি কে জিজ্ঞেস করবে, কিভাবে তারা তাদের সমস্যার সমাধান করবে, সেটা কি নিজেরা নিজেরাই করবে নাকি সমিতি গঠনের মাধ্যমে করবে? যদি এলপিএসরা মনে করে যে তারা সমিতি গঠন করবে, তাহলে সহায়ক বিভিন্ন এলএসপিদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করবেন।

উন্নত এবং বর্ধিত বাজার:

অধিকতর স্বচ্ছ ও কার্যকরী এলএসপি গঠন করার জন্য ক্রেল প্রকল্পের সহায়ক ও এলএসপি একসাথে বসে তাদের বাজার, উপযুক্ত বাজার এবং সম্ভাব্য সংযোগ সনাক্ত করবে।



- উপযুক্ত বাজার ও যথেষ্ট আয় নিশ্চিতকরণে এলএসপি কিছু সংখ্যক সুফলভোগীর সাথে সংযোগ স্থাপন করে, তাদেরকে ভিসিএফ/ভিসিজি/ এলাকাবাসীদের মধ্যে নিদিষ্ট ভাবে ভাগ করে দিবেন, যেন সঠিক ভাবে বাজার পরিচালনা করতে পারে। এসব সেবা, ফলাফল, বিক্রয়, তথ্য, প্রশিক্ষণ, বিক্রয়ের পরিমাণ, ব্যক্তিগত ক্রেতা উভয়ের মধ্যে হতে হবে।
- এলএসপিকে উপযুক্ত কৃষি, মৎস্য, গবাধিপশু এবং অন্যান্য সরকারী, বেসরকারী সংস্থা, বেনিফিসিয়ারী, যিনি গুরুত্বপূর্ণ সেবা প্রদান করেন, রিসোর্স পারসন যিনি প্রতিনিয়ত জ্ঞান বৃদ্ধিতে ও বাজার সম্পর্কে বিভিন্ন তথ্য দিতে পারেন, সবার সাথে সংযোগ স্থাপন করতে হবে। এলএসপি কে ইনপুট বিক্রেতার সাথেও ভালো যোগাযোগ রাখতে হবে যেন সংশ্লিষ্ট সম্প্রদায় জলবায়ুর পরিবর্তন এবং প্রাকৃতিক সম্পদ সম্পর্কে নতুন তথ্য ও জানতে পারে।

